

বিজিত্‌কুমার ভট্টাচার্য (১৯৩৯-)

বরাকভূমির লোক এভাবেই চলে

মেয়েটা পেরিয়ে গেল এবং ছেলেটা
হাত ধরাধরি করে
না ঠিক হাত ধরে নয়
এক হাতে জুতো ব্যাগ, অন্য হাতে প্রাণ
সাহায্যের হাত বাড়িয়ে দাঁড়িয়ে আছে বি আর টি এফ-র জোয়ানরা

নীচে নদী লোভা, খরস্রোতা, পাড়ে ধস
পাহাড়ে, ধসের দুদিকে গাড়ি, কিছু প্রাণ
তবু হাতে প্রাণ নিয়ে জুতো ব্যাগ নিয়ে ওদের পেরোতে হয়
জীবনের সব কাজ ভীষণ জরুরি আজকাল।
এদিকে একটি গাড়ি ছেড়ে ওদিকে অন্য গাড়ি ভাড়া নেয়
বরাকভূমির লোক এ ভাবেই চলে ছয় মাস, কখনও
আটকে পড়ে, রেল সড়ক কিংবা আকাশপথ
সব বন্ধ হয়ে যায়—তবু সমস্ত দেশের সঙ্গে
কীভাবে যে ঝুলে আছি তাই ভাবি

মেয়েটা পেরিয়ে গেল, এবং ছেলেটা
ধস পাড়ি দেয়, নদী লোভা কলকল হাসে।
দুই পাহাড়ের খাঁজে, তার জিভ লকলক করে
অদৃশ্য সুতোটি ধরে ওরা তো পেরোল দেখি ধস।

বন্যা, বকরি হাওয়ে

১.

এই দৃশ্য অনুপম, কারণ এই দৃশ্যে পারাপার আছে
এই দৃশ্য অনুপম, এই দৃশ্যে বৃক্ষ ও বন্যার জলে প্রেম আছে
দু'পাশে বন্যার জল থইথই বকরি হাওয়ার বুক রেলপথ
এইটুকু জেগে আছে, ছুটন্ত ট্রেনের শব্দে এবং জলের শব্দে
অন্য এক শব্দ জগৎ, কামরার, ভেঙে যাওয়া জলের আরশিতে
জানালার মুখ রেখে যাত্রী যারা অবাক বিস্ময়ে দেখে,
দূরে কাছে বুক অবধি দুবে থাকা হিজলের কালো দৃঢ় গায়ে
জলের ছলাৎ-ছল আলিঙ্গন, আরো কিছু বেড়ে গেলে জল
এই একফালি রেলপথ ডুবে যাবে, ডুবে যাবে এই অনুপম দৃশ্য
সার বেঁধে থাকা এই নেইকো, ওই গান দরবারির আফালে* আমাকে
কোন দৃশ্যে নিয়ে যাবে, যেখানে বন্যার উথালপাথাল ঢেউ
কালো হিজলের গায়ে, যেখানে দিনরাত পারাপার বকরি হাওয়ে।

২.

এই দৃশ্যে পচা ফোলা শিশুটির শব্দ ভেসে যায়
এই দৃশ্যে গৃহহারা অর্ধনগ্ন মানুষেরা ভেসেছে ভেলায়।

*দরবারির আফাল : হাওরের ঠিক মাঝখানে দুপুরে জেগে ওঠা বিশাল বিশাল ঢেউ।

গ্রাম ডুবে গেছে, ঘরের ভিতর জল থইথই, খড়ের চালাটি
এতটুকু জেগে আকাশের পানে চেয়ে যেন উর্ধ্ববাছ মানুষেরা
কাঁথার পুটলি আর দু-এটা হাঁড়িকুড়ি আঁকড়ে ধরে একটা ক্যাম্পের খোঁজে যেখানে চাল ডাল কেরোসিন
বরাদ্দ হয়েছে মাথাপিছু, যে করেই হোক যেতে হবে
বকরি হাওরে খুব নৌকাডুবি হয় এ সময়, সরকারি নৌকা সব
চাল ডাল নিয়ে যারা এসেছিল সেইসব নৌকাডুবি হয়।
ইহাদের গায়ে জামা নেই, মেয়েদের আঁক নেই, অন্ন নেই
শিশু ডুবে গেছে জলে, গৃহপালিত পশু কে জানে কোথায় এখন
ইহাদের বরাদ্দ চালের নৌকো ডুবে গেলে, ক্যাম্পের বারান্দায়
তবুও দাঁড়ায় তারা সার বেঁধে, ক্যাম্প ইলেকট্রিক আলো জ্বলে রোজ
এই দৃশ্যে কোথাও হিজল গাছ নেই, আছে শুধু দরবারির আফাল
ডুবিয়ে মারতে তার ফণা লকলক করে, গ্রামে ডুবে শিশু আর যুবতীরা।